

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
আইইবি ভবন (১০ম ও ১১তম তলা), রমনা, ঢাকা।  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

নং-২৭.০২.০০০০.০২০.১৪.০০৩.১৪-১২০

তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ


বিজ্ঞপ্তি

বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের গবেষণা অনুদান খাতের ৩২৫৭১০৩ অর্থনৈতিক কোডে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও সম্প্রসারণ বিষয়ে প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য দেশে অবস্থিত (সরকারি ও বেসরকারি) গবেষক দলের মধ্য থেকে উপযুক্ত গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

গবেষণার এরিয়া	অর্থবছর	প্রকল্প আর্থিক অনুদান	অন্যান্য
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি, বিকল্প জ্বালানি, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ, Low Carbon Technology, Waste to Energy.	২০২৪-২০২৫	প্রাক্কলনের ভিত্তিতে আনুমানিক ২,০০,০০০/- থেকে ৩,০০,০০০/- (দুই থেকে তিন লক্ষ) টাকা।	১. গবেষণার ফলাফল বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও সম্প্রসারণে অবদান রাখতে হবে। ২. গবেষণার ফলাফল কোন স্বীকৃত দেশী-বিদেশী জার্নাল বা সরকারি বেসরকারি প্রচার মাধ্যমে প্রকাশ করা যেতে পারে।

শর্তাবলীঃ

- গবেষণাটি দলীয় হতে হবে এবং প্রতিটি গবেষণা দলে ন্যূনতম ০৩ (তিন) জন এবং সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন সদস্য রাখা যেতে পারে;
- গবেষণা প্রস্তাবে Introduction, Problem Statement, Research Questions, Rational of the Research, Objectives, Expected Outcomes, Scope of the Research, Methodology, Data Analysis, Economic Importance সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে;
- গবেষণা প্রস্তাবের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (৩০ জুন, ২০২৫ পর্যন্ত) এবং খাত ও উপখাত উল্লেখসহ একটি যৌক্তিক বাজেট দাখিল করতে হবে;
- গবেষণা প্রস্তাবের সঙ্গে গবেষকদের পূর্ণাঙ্গ বৃত্তান্ত এবং অভিজ্ঞতা দাখিল করতে হবে;
- চূড়ান্ত গবেষণা প্রতিবেদনসমূহ পর্যালোচনার উদ্দেশ্যে গবেষণাদলসমূহ এক বা একাধিক সেমিনার আয়োজন করবে;
- গবেষক দলকে আবশ্যিকভাবে একটি ব্যাংক হিসাব খুলতে হবে এবং উক্ত হিসাবে গবেষণা অনুদান প্রদান করা হবে;
- গবেষণার স্বত্ব স্রেডার হবে তবে ফলাফলসমূহ দেশী ও বিদেশী স্বীকৃত জার্নালে প্রকাশ করা যেতে পারে;
- গবেষণা অনুদান এক বা দুই ধাপে প্রদান করা হবে;
- গবেষণার বিষয় নির্ধারণ, গবেষণা প্রস্তাব পর্যালোচনাপূর্বক প্রাথমিক বাছাই, গবেষণার মধ্যবর্তী ও চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনা ইত্যাদি বিষয়ে একাধিক সেমিনার/কর্মশালা ব্যয় অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী গবেষণা খাতের বরাদ্দ থেকে নির্বাহ করা হবে;
- আগ্রহী গবেষণা দলকে আগামী ২৫ মার্চ ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর গবেষণা প্রস্তাব (হার্ডকপি ও সফটকপি Email: [member.pr@sreda.gov.bd](mailto:member.pr@sreda.gov.bd)) দাখিল করতে হবে;
- একই বিষয়ে কোন প্রস্তাব সরকারী, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে দাখিল করা যাবে না অর্থাৎ দৈত্বতা পরিহার করতে হবে;
- প্রকল্পের মেয়াদ ও বরাদ্দের পরিমাণ প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রেক্ষিতে পরিবর্তিত হতে পারে;
- প্রকল্পের, বাস্তবায়ন ও মনিটরিং আর্থিক সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

 20.02.2025

ড. আশরাফুল আলম  
যুগ্মসচিব ও সদস্য (নীতি ও গবেষণা)  
স্রেডা, বিদ্যুৎ বিভাগ